**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**প্রাথমিক শিক্ষা অধিদপ্তর**
**মিরপুর-২, ঢাকা ১২১৬**
www.dpe.gov.bd

স্মারক নং-৩এম/১৩বিদ্যা-রংপুর/২০১৪/ ৯৯ (৮২৫)

তারিখ: ১৯ আশ্বিন ১৪২২ / ০৪ অক্টোবর, ২০১৫

পরিপত্র

বিষয় : সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ভর্তি সংক্রান্ত।

সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ছাত্রছাত্রী ভর্তির বিষয়ে নিম্নলিখিত নির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলো:

১. প্রাথমিক বিদ্যালয়ে প্রথম শ্রেণীতে ভর্তিচ্ছুক শিশুদের কোনরূপ পরীক্ষা নেওয়া যাবে না।

২. ভর্তি ইচ্ছুক শিশুরা বিদ্যালয়ে এসে তাদের নাম, ঠিকানা (প্রয়োজনীয় তথ্যাদি) রেজিস্টারে এন্ট্রি করে তালিকাভুক্ত হবে।

৩. প্রাথমিক বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার সকল শিশুকেই প্রথম শ্রেণীতে ভর্তির ব্যবস্থা নিশ্চিত করতে হবে।

৪. যদি বিদ্যালয়ের ক্যাচমেন্ট এলাকার শিশুদের সংখ্যা বিদ্যালয়ের আসন সংখ্যার চেয়ে বেশী হয়, কেবলমাত্র সেক্ষেত্রে লটারীর মাধ্যমে ভর্তি করতে হবে

৫. কেবলমাত্র ক্যাচমেন্ট এলাকার শিশুদের ভর্তির পর আসন সংখ্যা শূন্য থাকলে নিকটতম এলাকার শিশুদের ভর্তির সুযোগ দেয়া যাবে।

উক্ত নির্দেশনা অনুযায়ী প্রথম শ্রেণীর ভর্তি কার্যক্রম পরিচালিত হবে। এই ব্যবস্থা লংঘন করা হলে সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এবং প্রতিষ্ঠান প্রধানের বিরুদ্ধে আইনানুগ শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

মহাপরিচালকের অনুমোদনক্রমে

০৪.১০.১৫

মোঃ [illegible] হক
পরিচালক (পলিসি ও অপারেশন)
☎০২-৫৫০৭৪৯১৮

বিতরণ:
১ বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা (সকল)।
২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার (সকল)
৩ সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার (সকল)।
৫। ইন্সট্রাক্টর, ইউআরসি (সকল)।

**অনুলিপি সদয় অবগতি জন্য প্রেরণ করা হলো:**

১ সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩। জেলা প্রশাসক (সকল)............................
৪ মহাপরিচালকের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৫ অতিরিক্ত মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৬। সংরক্ষণ নথি/ গার্ড ফাইল।

downloaded from: www.roufmomen.tk